



ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গেন্ডা, সাভার, ঢাকা।

নম্বর ২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২০.১০৫৫

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৭

০৪ আগস্ট ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) “ ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ ” এর ভোল্টেজ ডিটেক্টর ক্রয়/সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি ।

RFQ No-05 /2020-21 (সংশোধিত)

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ভোল্টেজ ডিটেক্টর ক্রয়/সরবরাহের লক্ষ্যে নিম্নোক্ত বর্ণনা ও শর্ত মোতাবেক পবিসের নিজস্ব তহবিলের আওতায় বর্ণিত কাজের অভিজ্ঞতার সম্পন্ন বাংলাদেশী প্রকৃত ঠিকাদারী/ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র (RFQ) পদ্ধতির মাধ্যমে আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	ভোল্টেজ ডিটেক্টর (ডিসপ্লেসহ) (220 V-33000V)	২০০ টি		
		মোট মূল্য		

শর্তাবলী:

০১। আগ্রহী দরপত্র দাতা আগামী ১০/০৮/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা-১২২৯ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।

০২। প্রাপ্ত দরপত্র সমূহ ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা-১২২৯ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকায় আগামী ১০/০৮/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরপত্র/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরপত্র খামের উপর “ভোল্টেজ ডিটেক্টর ক্রয়/সরবরাহ” বিষয়টি স্পষ্টাক্ষরে লিখতে হবে। দর দাখিলের পূর্বে অবশ্যই নমুনা দেখে দর দাখিল করতে হবে এবং মালামাল সরবরাহের পূর্বে নমুনা ঢাকা পবিস-৩ এর কর্তৃপক্ষ হতে অনুমোদন/সত্যায়ন করিয়ে নিয়ে তদানুযায়ী সমস্ত মালামাল সরবরাহ করতে হবে। নমুনা মোতাবেক না হলে মালামাল গ্রহণ করা হবে না।

০৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বর্ণিত ভোল্টেজ ডিটেক্টর নিজ খরচে সংশ্লিষ্ট অফিসে সরবরাহ করতে হবে।

০৫। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

০৬। দরপত্রের সাথে দরদাতা হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৭। দুই বা ততোধিক প্রতিষ্ঠানের দাখিলকৃত দর সমদর হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (২০০৮) এর ৯৮

অনুচ্ছেদের ৩১ ও ৩২ ধারা অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।

০৮। কাজশেষে বিল দাখিল সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী প্রযোজ্য হারে ভ্যাট/ট্যাক্স কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকে মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৯। যথাসময়ে কাজ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১০। কার্যাদেশ প্রদানের সময় কর্তৃপক্ষ মালামালের পরিমাণ হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

১১। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৪-৮-২০২০

মোঃ হারুন

সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)

৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা

৪) পুলিশ সুপার, ঢাকা।

৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস

৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাভার, ঢাকা

৭) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা (উত্তর), বাপবিবো, সাভার

৮) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, ঢাকা

৯) মেয়র, সাভার পৌরসভা, সাভার, ঢাকা।

১০) সকল জোনাল অফিস ও সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-৩

১১) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

১২) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

১৩) মেসার্স-----, -----।

১৪) নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ঢাকা পবিস-৩।